এনইআইআর বিরোধী বিক্ষোভে বিটিআরসি কার্যালয়ে হামলা, ২৮ জন আটক



সংগৃহীত ছবি

এনইআইআর (ন্যাশনাল ইকুইপমেন্ট আইডেন্টিফিকেশন রেজিস্টার) পদ্ধতি চালুর বিরোধিতাকে কেন্দ্র করে রাজধানীর আগারগাঁওয়ে বিটিআরসি কার্যালয়ে হামলা ও ভাঙচুরের ঘটনায় ২৮ জনকে আটক করেছে আইনশৃঙ্খলা বাহিনী। বৃহস্পতিবার (১ জানুয়ারি) রাতে সেনাবাহিনীর পাঠানো এক ক্ষুদেবার্তায় এ তথ্য নিশ্চিত করা হয়।

সেনাবাহিনী জানায়, যৌথ অভিযানে আটক ব্যক্তিদের শেরেবাংলা নগর থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে। আটকরা বিভিন্ন বয়সী এবং বিক্ষোভ চলাকালে সহিংসতায় জড়িত থাকার অভিযোগ রয়েছে।

এর আগে বৃহস্পতিবার বিকেলে এনইআইআর চালুর প্রতিবাদে মোবাইল ফোন ব্যবসায়ীদের একটি অংশ বিটিআরসি কার্যালয়ের সামনে জড়ো হয়ে বিক্ষোভ করে। একপর্যায়ে বিক্ষোভ সহিংস হয়ে উঠলে ইট-পাটকেল নিক্ষেপ ও ভাঙচুরের ঘটনা ঘটে। পরে পুলিশ ও অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

তেজগাঁও বিভাগের উপ-কমিশনার (ডিসি) ইবনে মিজান জানান, বিক্ষোভকারীরা আকস্মিকভাবে হামলা চালায়। এদিকে বিটিআরসি বলছে, অবৈধ ও ক্লোনড হ্যান্ডসেটের ব্যবহার বন্ধ করতেই এনইআইআর চালু করা হয়েছে। এই পদ্ধতি কার্যকর হলে অবৈধভাবে আমদানি করা ফোন নেটওয়ার্কে ব্যবহার করা যাবে না, তবে কার্যকরের আগে ব্যবহৃত ফোন বন্ধ করা হবে না।